

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১১৭২

পর্ব - ৯ঃ অপরাধ প্রসঙ্গ (كتاب الجنايات)

পরিচ্ছেদঃ আটককারী এবং হত্যাকারীর শান্তি

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا, عَنِ النَّبِيِّ _ صلى الله عليه وسلم _ قَالَ: «إِذَا أَمْسَكَ الرَّجُلُ الرَّجُلُ الرَّجُلُ, وَقَتَلَهُ الْآخَرُ, يُقْتَلُ الَّذِي قَتَلَ, وَيُحْبَسُ الَّذِي أَمْسَكَ». رَوَاهُ الدَّارَقُطْنِيُّ مَوْصُولًا وَمُرْسَلً, وَصَحَّحَهُ ابْنُ الْقَطَّانِ, وَرِجَالُهُ ثِقَاتٌ, إِلَّا أَنَّ الْبَيْهَقِيَّ رَجَّحَ الْمُرْسَلَ

صحيح. وهو مخرج في «الأقضية النبوية» لابن الطلاع ص (8 منسوختي)

বাংলা

১১৭২। ইবনু উমার (রাঃ) হতে বর্ণিত; নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন: যখন কোন লোক কোন লোককে ধরে রাখে ও অন্য লোক তাকে হত্যা করে তখন হত্যাকারীকে হত্যা করা হবে। আর যে ধরে রাখে তাকে (যাবজ্জীবন) কারাদন্ড দিতে হবে।[1]

English

Ibn 'Umar (RAA) narrated that The Messenger of Allah (ﷺ) said:

"If a man holds another man so that a third man can kill the seized one, then the one who killed is to be killed (in Qisas) and the one who seized the killed one is to be imprisoned." Related by Ad-Daraqutni. Ibn al-Qattan graded it as Sahih and its narrators are trustworthy.

ফুটনোট

[1] দারাকুতনী হাদীসটিকে মাওসূল ও মুরসাল উভয়ভাবেই বর্ণনা করেছেন। হাদীসটিকে বাইহাকী তাঁর আল



কুবরা (৮/৫০) গ্রন্থে হাদীসটিকে গাইর মাহফূয বললেও, ইবনুল কান্তান তাঁর আল ওয়াহম ওয়াল ঈহাম (৫/৪১৫) গ্রন্থে একে সহীহ বলেছেন, ইবনু কাসীর তাঁর ইরশাদুল ফাকীহ (২/২৫৬) গ্রন্থে এর সানাদকে মুসলিমের শর্তে উল্লেখ করেছেন। ইমাম শাওকানী তাঁর আস সাইলুল জাররার (৪/৪১১) গ্রন্থে এর সকল রাবীকে বিশ্বস্ত বলেছেন। শাইখ আলবানী তাঁর তাখরীজ মিশকাতুল মাসাবীহ (৩৪১৫) গ্রন্থে এর সানাদকে সহীহ বলেছেন। সুতরাং ইমাম বাইহাকীর কথাটি গ্রহণযোগ্য নয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন